

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২, ২০২৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

আইনগত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, “মেসার্স-মালিবাগ অটো সার্ভিস” নিবন্ধন নং-পি-৩৭২৪৭/২০১৫, তারিখ: ২৯-০১-২০১৫ইং। বিগত ৩০-০৯-২০২০ইং তারিখ এ ফার্মের অংশীদার মোঃ জিল্লুর হোসেন মৃত্যুবরণ করেন এবং ৩১-০৭-২০২০ইং তারিখ এ ফার্মের আরেক অংশীদার মোঃ আমিনুল হক মৃত্যুবরণ করেন। গত ১৫-১২-২০২১ইং তারিখের ২১১২ ও ২০১৩ নং উত্তরাধিকারী সার্টিফিকেট অনুযায়ী উক্ত ফার্মে মৃত মোঃ জিল্লুর হোসেন ও মৃত মোঃ আমিনুল হক এর সমুদয় অর্থাৎ(১৬.৬৬+১২.৫০)=২৯.১৬(উনত্রিশ দশমিক এক ছয়) শতাংশ শেয়ার উনাদের বৈধ উত্তরাধিকারী হিসাবে মোসাঃ মাহমুদা আক্তার (মিতা)-২.০৮%, মোঃ জেবায়ের হোসেন চৌধুরী-৯.৭২%, নিশাত তামান্না চৌধুরী-৪.৮৭%, মিসেস শাহ্ পারিজাত হুমা-১.৫৬%, রাগীব ইশরাক-৭.৩০% এবং আতিয়াহ ইবনাত-৩.৬৪% অংশ প্রাপ্ত হন। তাছাড়া পরবর্তীতে ৩০-০৩-২০২২ইং তারিখের সভায় ফার্মের অংশীদার মোঃ জেবায়ের হোসেন চৌধুরী ও নিশাত তামান্না চৌধুরী তাহাদের সমুদয় অংশ মোসাঃ মাহমুদা আক্তার (মিতা) এর নিকট এবং মিসেস শাহ্ পারিজাত হুমা ও আতিয়াহ ইবনাত তাহাদের সমুদয় অংশ রাগীব ইশরাক এর নিকট হস্তান্তর করিয়া প্রতিষ্ঠান থেকে অব্যাহতি নিয়াছেন। বর্তমান অংশীদারদের লাভ-ক্ষতির অংশ জাকির হোসেন-১৬.৬৭%, মোহাম্মদ জামিল হোসেন-১৬.৬৬%, মোঃ শফিকুল হক ১২.৫০%, মোঃ শহিদুল হক-১২.৫০%, মাহবুবা গুলশান-১২.৫০%, মোসাঃ মাহমুদা আক্তার (মিতা)-১৬.৬৬% এবং রাগীব ইশরাক-১২.৫০% শেয়ারের মালিক। গত ৩০-০৩-২০২২ ইং তারিখ হইতে অংশীদারি ফার্মটি পুনর্গঠিত (Reconstituted) হইয়া পরিচালিত হইতেছে। বিদায়ী অংশীদারগণের সহিত কোনো প্রকার লেনদেন করিলে নিজ দায়িত্বে করিবেন, তাহাতে উক্ত প্রতিষ্ঠান দায়ী থাকিবেনা। এছাড়া উক্ত পুনর্গঠন সম্পর্কে কারো কোনো আপত্তি বা পরামর্শ থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে ব্যবস্থাপনা অংশীদার মোঃ জাকির হোসেন এর সহিত যোগাযোগ করিতে অনুরোধ করা হইল।

মোঃ জাকির হোসেন

ব্যবস্থাপনা অংশীদার

মেসার্স-মালিবাগ অটো সার্ভিস।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৮২১)

মূল্য : টাকা ৪.০০